দৈনিক ইনকিলাব

তারিখ ... 16 JUL 1998 ... ...
পৃষ্ঠা: ১১ কলাম ৫

# ইসলামী বিশ্ববিদ্যালয়ে আইন-শৃংখলার অবনতি ঃ ক্যাম্পাসে ভীতি ও আতঙ্ক

ইঃবিঃ রিপোর্টার ঃ ইসলামী বিশ্ববিদ্যালয়ে আইন-শৃংখলা পরিস্থিতির মারাত্মক অবনতি ঘটেছে। বহিরাগত সন্ত্রাসী কর্তৃক বিভাগীয় প্রধানদের প্রাণনাশের হুমকি প্রদান, উন্নয়ন কাজের ঠিকাদারদের কাছে মোটা অংকের টাকা চাঁদা দাবী, টেন্ডার সিডিউল বিক্রয়ে বাধাদান এবং শিক্ষকের বাসায় চুরিসহ বিভিন্ন ঘটনায় সমগ্র ক্যাম্পাসবাসী তখন আতঙ্কিত এবং ভীত-সন্ত্রস্ত। সম্প্রতি বহিরাগত সন্ত্রাসীরা অবৈধভাবে মুক্তিযোদ্ধা সন্তান কোটায় ভর্তির দাবীতে ৫ জন বিভাগীয় প্রধানকে প্রাণনাশের হুমকি দেয়। ইঃবিঃ শিক্ষক সমিতির সভাপতি ডঃ মোশাররফ হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত এক সভায় শিক্ষকদের প্রাণনাশের হুমকি ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করা হয়। শিক্ষক সমিতি সন্ত্রাসীদের অবিলম্বে গ্রেফতার ও শাস্তি প্রদানের দাবী জানিয়েছে। এদিকে দিনে-দুপুরে শিক্ষক সমিতির সভাপতি ডঃ মোশাররফ হোসেনের বাসায় চুরি সংঘটিত হয়েছে। বাসায় কেউ না থাকা অবস্থায় তালা ভেঙ্গে চোর ঘরে প্রবেশ করে স্টীলের আলমারি কৌশলে খুলে নগদ ২ হাজার টাকা ও স্বর্ণালংকার নিয়ে চম্পট দেয়। এদিকে লাইব্রেরীর বই সরবরাহের সিডিউল কিনতে এসে বেশ কিছু ব্যবসায়ী সন্ত্রাসীদের হাতে প্রহৃত হয়েছেন। একটি ছাত্র সংগঠনের ছত্রছায়ায় এসব সন্ত্রাসী অন্যদেরকে সিডিউল ক্রয় করতে বাধা প্রদান করছে এবং প্রয়োজনে প্রহার ও জীবননাশের হুমকি দিচ্ছে বলে অভিযোগ রয়েছে।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বই ব্যবসায়ীদেরকে খোদ প্রশাসন ভবনের মধ্যেও নিরাপত্তাবিধানে ব্যর্থ হয়েছে। এদিকে বিভিন্ন সন্ত্রাসী গ্রুপ বিশ্ববিদ্যালয়ের উন্নয়নমূলক প্রকল্প হতে মোটা অংকের চাঁদা দাবী করছে। তাদের চাঁদা পরিশোধ না করলে ম্যানেজারসহ অন্যান্যদের অপহরণ এবং জীবনাশের হুমকি দিচ্ছে। এছাড়া তারা উন্নয়নমূলক প্রকল্পে নানাবিধ বাধার সৃষ্টি করছে। অথচ প্রশাসন এ বিষয়ে তেমন কোন পদক্ষেপ গ্রহণ করছে না বলে অভিযোগ রয়েছে।